

মাসিক এমআইএস প্রতিবেদন

ফেব্রুয়ারী ২০২০

৩৬২ তম সংখ্যা



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ

BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LTD.

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

BAPEX Bhaban, 4 Kawran Bazar C/A, Dhaka-1215.

e-mail : gmpanning@bapex.com.bd web : www.bapex.com.bd

সূচীপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
-	সূচীপত্র	০১
১	কোম্পানীর পরিচিতি	০২
২	GDF অর্থায়নে বাপেক্স পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদন :	০৩-০৫
	২.১ Rupkalpa-1 Drilling Project.	০৩
	২.২ Rupkalpa-2 Drilling Project.	০৪
	২.৩ Rupkalpa-9: 2D Seismic Project.	০৫
৩	এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিষয়ক প্রতিবেদন	০৬-০৭
৪	বিভিন্ন বিভাগের বাস্তব অগ্রগতির বিবরণ	০৮-২০
	৪.১ ভূতাত্ত্বিক বিভাগ	০৮-১০
	৪.২ ভূপদার্থিক বিভাগ	১১
	৪.৩ খনন পরিচালনা বিভাগ	১২
	৪.৪ টেকনিক্যাল সার্ভিসেস বিভাগ	১৩
	৪.৫ পরীক্ষাগার বিভাগ	১৪-১৫
	৪.৬ উৎপাদন বিভাগ	১৬-১৭
	৪.৭ প্রকৌশল বিভাগ	১৮-১৯
	৪.৮ ডাটা ম্যানেজমেন্ট বিভাগ	২০
৫	বিবিধ তথ্য	২১-৩১
	৫.১ লোকবল	২১
	৫.২ প্রশিক্ষণ	২২
	৫.৩ কোম্পানীর e-Governance সংক্রান্ত তথ্য	২৩-২৪
	৫.৪ রাষ্ট্রীয় কোষাগারে অর্থ প্রদানের বিবরণী	২৫
	৫.৫ নগদ তহবিল বিবরণী	২৫
	৫.৬ বোর্ড, গণসংযোগ ও আইন এবং চুক্তি সংক্রান্ত কার্যাবলী	২৬-২৭
	৫.৭ আত্মীকরণ, পদোন্নতি, অবসর গ্রহণ, শোক সংবাদ, পদত্যাগ, নিয়োগ, বদলি, বরখাস্ত, লিয়োন ও প্রেষণ	২৮
৬	সমাপ্ত প্রকল্প ও ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	২৯-৩৭
	৬.১ সমাপ্ত প্রকল্প সমূহের বিবরণ	২৯-৩৩
	৬.২ সম্পাদিত ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩৪-৩৫
	৬.৩ বাপেক্স ও এর পূর্বসূরী কর্তৃক অনুসন্ধান ও উৎপাদন কূপ খনন কার্যক্রমের বিবরণী	৩৬-৩৭

ক্রমিক নং	বিষয়বস্তু	বর্ণনা
০১	কোম্পানীর নাম	ঃ বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
০২	কোম্পানীর উদ্দেশ্য ও কার্যপরিধি	ঃ * তেল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদনের জন্য ভূতাত্ত্বিক ও ভূকম্পন জরীপ এবং খনন কার্যক্রম পরিচালনা করা। * দেশের অভ্যন্তরে বা দেশের বাহিরে এককভাবে বা যৌথ উদ্যোগে অথবা অন্য কোন চুক্তির ভিত্তিতে উৎপাদন, প্রক্রিয়াকরণ, সঞ্চালন, বিতরণ এবং বিপণন অথবা এতদসম্পর্কিত অন্যান্য পণ্যের উৎপাদন ও বিপণন সংক্রান্ত বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা। * ভূপদার্থিক ও ভূতাত্ত্বিক উপাত্ত মূল্যায়ন, বেসিন পর্যালোচনা, অনুসন্ধান ও উন্নয়নের লক্ষ্যে খনন, ভূতাত্ত্বিক ও ভূ-রসায়নিক বিশ্লেষণ ইত্যাদির ক্ষেত্রে সেবা প্রদান করা।
০৩	তত্ত্বাবধায়ক সংস্থা	ঃ বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।
০৪	প্রশাসনিক মন্ত্রণালয়	ঃ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।
০৫	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান) হিসাবে নিবন্ধিত	ঃ ০৩ এপ্রিল, ১৯৮৯।
০৬	তেল ও গ্যাস অনুসন্ধান কোম্পানী হিসাবে কোম্পানীর কার্যক্রম শুরুর তারিখ	ঃ ০১ জুলাই, ১৯৮৯।
০৭	তেল ও গ্যাস অনুসন্ধান ছাড়াও উৎপাদন কোম্পানী হিসাবে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের তারিখ	ঃ ২৯ ফেব্রুয়ারী, ২০০০।
০৮	কোম্পানীর প্রধান কার্যালয়	ঃ বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।
০৯	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান ও উৎপাদন) হিসাবে নিবন্ধিত	ঃ ২৩ এপ্রিল, ২০০২।
১০	কোম্পানীর কূপ খনন ও গ্যাস আবিষ্কারের সফলতার হার	ঃ ৩ : ১
১১	কোম্পানীর পরিচালকমন্ডলীর ১ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার তারিখ	ঃ ২৯ জুলাই, ১৯৯২।
১২	কোম্পানীর পরিচালকমন্ডলীর সদস্য সংখ্যা	ঃ ০৭ (সাত) জন।
১৩	গ্যাস সরবরাহকৃত কোম্পানীর নাম	ঃ টিজিটিএন্ডডিসিএল, বিজিডিসিএল, কেজিডিসিএল, জিটিসিএল, এসজিসিএল
১৪	কনভেনসেন্ট সরবরাহকৃত কোম্পানীর নাম	ঃ বিজিএফসিএল, সুপার রিফাইনারি (প্রাঃ) লিঃ, পদ্মা অয়েল কোঃ লিঃ
১৫	কোম্পানীর মোট অনুমোদিত মূলধনের পরিমাণ	ঃ ৩০০ (তিনশত) কোটি টাকা।
১৬	কোম্পানীর পরিশোধিত মূলধনের পরিমাণ	ঃ ৫ (পাঁচ) লক্ষ টাকা যা ৫ (পাঁচ) হাজার শেয়ারে বিভক্ত।

২। GDF অর্থায়নে পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদন

২.১

Rupkalpa-1 Drilling Project

১। প্রকল্পের নাম	ঃ	Rupkalpa-1 Drilling Project.																		
২। প্রকল্প অনুমোদন পর্যায়	ঃ	প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত																		
৩। প্রকল্পের অবস্থান	ঃ	হারারগঞ্জ-১, উপজেলা- বড়লেখা, জেলা- মৌলভীবাজার, বিভাগ- সিলেট সালদা নর্থ-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম শ্রীকাইল ইস্ট-১, উপজেলা- মুরাদনগর, জেলা- কুমিল্লা, বিভাগ- চট্টগ্রাম শ্রীকাইল নর্থ-২ উপজেলা- মুরাদনগর, জেলা- কুমিল্লা, বিভাগ- চট্টগ্রাম কসবা-২, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম																		
৪। বাস্তবায়ন কাল	ঃ	০১ জুলাই, ২০১৬ হতে ৩০ জুন, ২০২০ (২য় সংশোধিত, প্রস্তাবিত)																		
৫। প্রকল্প ব্যয়	ঃ	<table border="0"> <tr> <td>স্থানীয় মুদ্রা</td> <td>ঃ</td> <td>১৪,৬৫৮.০০ লক্ষ টাকা</td> <td>স্থানীয় মুদ্রা</td> <td>ঃ</td> <td>১৫,১৫৮.০০ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>নগদ বৈঃ মুদ্রা</td> <td>ঃ</td> <td>৩৩,১২৫.০০ লক্ষ টাকা</td> <td>নগদ বৈঃ মুদ্রা</td> <td>ঃ</td> <td>২৭,৯২০.০০ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>মোট</td> <td>ঃ</td> <td>৪৭,৭৮৩.০০ লক্ষ টাকা</td> <td>মোট</td> <td>ঃ</td> <td>৪৩,০৭৮.০০ লক্ষ টাকা</td> </tr> </table>	স্থানীয় মুদ্রা	ঃ	১৪,৬৫৮.০০ লক্ষ টাকা	স্থানীয় মুদ্রা	ঃ	১৫,১৫৮.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	ঃ	৩৩,১২৫.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	ঃ	২৭,৯২০.০০ লক্ষ টাকা	মোট	ঃ	৪৭,৭৮৩.০০ লক্ষ টাকা	মোট	ঃ	৪৩,০৭৮.০০ লক্ষ টাকা
স্থানীয় মুদ্রা	ঃ	১৪,৬৫৮.০০ লক্ষ টাকা	স্থানীয় মুদ্রা	ঃ	১৫,১৫৮.০০ লক্ষ টাকা															
নগদ বৈঃ মুদ্রা	ঃ	৩৩,১২৫.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা	ঃ	২৭,৯২০.০০ লক্ষ টাকা															
মোট	ঃ	৪৭,৭৮৩.০০ লক্ষ টাকা	মোট	ঃ	৪৩,০৭৮.০০ লক্ষ টাকা															
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	ঃ	<ul style="list-style-type: none"> ➤ To Drill 3 Exploratory wells with a view to discovering oil/gas to increase the country's gas reserve and production. ➤ Subject to discover of oil/gas; additional 451.00 BCF recoverable oil/gas reserve of the country will be increased and additional 30 MMSCFD oil/gas will be production. 																		
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	ঃ	<p>১. প্রকল্পের অধীন খননতব্য ০২ টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ইস্ট-১, সালদা নর্থ-১) এর মধ্যে সালদা নর্থ-১ অনুসন্ধান কূপের খনন কার্যক্রম অক্টোবর, ২০১৮ তে সম্পন্ন হয়েছে। সেখানে বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য গ্যাস মজুদ পাওয়া যায়নি। শ্রীকাইল ইস্ট-১ অনুসন্ধান কূপ খননের লক্ষ্যে ভূমি উন্ময়ন ও সংযোগ সড়ক নির্মাণ এবং রিগ ও মেশিনারী ফাউন্ডেশন কাজ শেষে প্রকল্প এলাকায় রিগ (বিজয়-১০) স্থানান্তর করে রিগ বিল্ডিং সম্পন্ন শেষে গত ২৮/১০/২০১৯ তারিখ Spud in হয়। গত ৩১ জানুয়ারি ড্রিলিং সফলভাবে সম্পন্নপূর্বক 7" Casing, সিমেন্টেশন সম্পন্ন হয়েছে এবং Wireline Logging এর MDT এবং PDT কার্যক্রমের আওতায় যে সকল Zone -এ গ্যাসের উপস্থিতি লক্ষ্য করা হয়েছে সে সকল Zone-এ DST কার্যক্রমের প্রস্তুতি চলছে।</p> <p>২. আরএডিপি ২০১৯-২০২০ তে ১০৩৭.০০ লক্ষ টাকা ন.বৈ.মুদ্রাসহ মোট ৩০০০.০০ লক্ষ টাকার বরাদ্দ অনুমোদন করা হয়েছে।</p> <p>৩. এডিপি বরাদ্দের ন:বৈ:মু: ৪৭৯.০০ লক্ষ টাকাসহ মোট ১৭৯২.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। যার মধ্যে ব্যয় হয়েছে ১৪২৪.৮১ লক্ষ টাকা।</p>																		
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত)	ঃ	<table border="0"> <tr> <td>স্থানীয় মুদ্রা</td> <td>ঃ</td> <td>৪,৬৬৯.৩৮ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>নগদ বৈদেশিক মুদ্রা</td> <td>ঃ</td> <td>৭,৮৬০.৭৫ লক্ষ টাকা</td> </tr> <tr> <td>মোট</td> <td>ঃ</td> <td>১২,৫৩০.১৩ লক্ষ টাকা</td> </tr> </table>	স্থানীয় মুদ্রা	ঃ	৪,৬৬৯.৩৮ লক্ষ টাকা	নগদ বৈদেশিক মুদ্রা	ঃ	৭,৮৬০.৭৫ লক্ষ টাকা	মোট	ঃ	১২,৫৩০.১৩ লক্ষ টাকা									
স্থানীয় মুদ্রা	ঃ	৪,৬৬৯.৩৮ লক্ষ টাকা																		
নগদ বৈদেশিক মুদ্রা	ঃ	৭,৮৬০.৭৫ লক্ষ টাকা																		
মোট	ঃ	১২,৫৩০.১৩ লক্ষ টাকা																		
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	ঃ	বাস্তব ২৯.০৯ %	আর্থিক ২৯.০৯ %																	

১। প্রকল্পের নাম	ঃ	Rupkalpa-2 Drilling Project.	
২। প্রকল্প অনুমোদন পর্যায়	ঃ	প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থান	ঃ	সেমুতাং সাউথ-১, উপজেলা- মানিকছড়ি, জেলা- খাগড়াছড়ি, বিভাগ- চট্টগ্রাম। সালদানদী সাউথ-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম। সালদানদী ওয়েস্ট-১, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া, বিভাগ- চট্টগ্রাম। বাতচিয়া-১, উপজেলা- কুলাউড়া, জেলা- মৌলভীবাজার, বিভাগ- সিলেট। জকিগঞ্জ-১, সিলেট, জকিগঞ্জ।	
৪। বাস্তবায়ন কাল	ঃ	০১ জুলাই, ২০১৬ হতে জুন, ২০২০ (প্রস্তাবিত)।	
৫। প্রকল্প ব্যয়	ঃ	মূল	সংশোধিত
	ঃ	স্থানীয় মুদ্রা : ১৩,০০২.০০ লক্ষ টাকা	স্থানীয় মুদ্রা : ৭,৯৫৯.০০ লক্ষ টাকা
	ঃ	নগদ বৈঃ মুদ্রা : ২৮,৪৫০.০০ লক্ষ টাকা	নগদ বৈঃ মুদ্রা : ১৪,৫৪০.০০ লক্ষ টাকা
	ঃ	মোট : ৪১,৪৫২.০০ লক্ষ টাকা	মোট : ২২,৪৯৯.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	ঃ	<ul style="list-style-type: none"> ➤ To Drill 4 Exploratory wells with a view to discovering oil/gas to increase the country's gas reserve and production. ➤ Subject to discover of oil/gas; additional 4358.00 BCF recoverable oil/gas reserve of the country will be increased and additional 23 MMSCFD oil/gas will be produced from this project. 	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	ঃ	<p>১. খনন ঠিকাদার 'সকার' সেমুতাং সাউথ-১ কূপ গত ২৬-০৭-২০১৮ তারিখ খনন কাজ শুরু করে। ৩০২০ মিটার গভীরতায় ০৪-০১-২০১৯ তারিখে খনন সম্পর্কিত যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। ১৬-০৫-২০১৯ তারিখে সকার-কে ইনভয়েস মূল্য পরিশোধ করা হয়।</p> <p>২. জকিগঞ্জ-১ অনুসন্ধান কূপ খননের জন্য ৫.০১ একর অধিগ্রহণকৃত ভূমির ফসলের ক্ষতি পূরণ বাবদ অর্থ জেলা প্রশাসক, সিলেট বরাবরে হস্তান্তর করা হয়েছে। পূর্ত কাজের ৬টি দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়েছে। ভূমি উন্নয়নের পর পূর্ত কাজ শুরু করা হবে। সিসিজিপি কর্তৃক ৫টি ক্রয়ের (ওয়েল কমপ্লিশন ম্যাটেরিয়ালস, মাড কমপ্লিশন ও রিএজেন্ট কেমিক্যাল; কেসিং; কেসিং এক্সেসরিজ এবং লাইনার গ্যাংগার ও ড্রিল বিট) অনুমোদন পাওয়া গিয়েছে। উন্মুক্ত দরপত্রের মাধ্যমে প্রকল্পের অবশিষ্ট বৈদেশিক মালামাল ও ৩য় পক্ষীয় সেবা সংগ্রহপূর্বক খনন কার্যক্রম চলমান আছে।</p>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত)	ঃ	স্থানীয় মুদ্রা : ৩,৪৫০.৮৪ লক্ষ টাকা	
	ঃ	নগদ বৈদেশিক মুদ্রা : ১০,০০০.৩৫ লক্ষ টাকা	
	ঃ	মোট : ১৩,৪৫১.১৯ লক্ষ টাকা	
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	ঃ	বাস্তব : ৫৯.৭৯ %	আর্থিক : ৫৯.৭৯ %

১। প্রকল্পের নাম	:	Rupkalpa-9: 2D Seismic Project.
২। প্রকল্প অনুমোদন পর্যায়	:	প্রকল্পটি ২২-০৯-২০১৬ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থান	:	টাঙ্গাইল, জামালপুর, ময়মনসিংহ এবং শেরপুর জেলা।
৪। বাস্তবায়ন কাল	:	এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০২০।
৫। প্রকল্প ব্যয়	:	স্থানীয় মুদ্রা : ৫,৯৮৮.০০ লক্ষ টাকা নগদ বৈঃ মুদ্রা : ৬,৩৫০.০০ লক্ষ টাকা মোট : ১২,৩৩৮.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	:	The main objective is to Identify Exploratory well location on previously identified 19 seismic leads under vision 2021 in the exploration block 8 & 11. ➤ Identify probable leads/prospect by conducting seismic survey to delineate drillable subsurface structure ➤ Find out new exploratory well location to enhance hydrocarbon resource/reserve.
৭। প্রক্রিয়াধীন অগ্রগতি	:	১. প্রকল্পের আওতায় গত ২০১৮-২০১৯ মাঠ মৌসুম পর্যন্ত মোট ৩০০০ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহ সম্পন্ন হয়েছে। ২. প্রকল্পের আওতায় গত ২০১৮-২০১৯ অর্থ বছরের জুন, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত ব্যয় ৭৪৫৯.১২ লক্ষ টাকা।
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত)	:	- স্থানীয় মুদ্রা : ৩৭১৩.৩৩ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ৩৭৪৫.৭৯ লক্ষ টাকা মোট : ৭৪৫৯.১২ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার	:	বাস্তব : ৬০.৪৬ % আর্থিক : ৬০.৪৬ %

গৃহীত পদক্ষেপ		দৃষ্টিভঙ্গি সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
১) কোম্পানীর ঢাকাস্থ দপ্তর সমূহ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা হয়েছে।	১) কোম্পানীর প্রধান কার্যালয়ে বিভিন্ন তলায় স্থাপিত ২১টি অগ্নিনির্বাপক যন্ত্র দৃষ্টিভঙ্গির সময় ব্যবহারের লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে।	প্রতিবেদনকালীন মাসে কোম্পানীর কোন ফিল্ড/ বিভাগে অপারেশনাল, রক্ষণাবেক্ষণ ও পরিবেশগত কোনরূপ দৃষ্টিভঙ্গি/অনুঘটনা ঘটেনি।
২) কোম্পানীর ঢাকায় চলাচলরত পেট্রোলচালিত যানবাহনের মধ্যে অধিকাংশ যানবাহনকে সিএনজিতে রূপান্তর করা হয়েছে।	২) প্রধান কার্যালয়ের প্রবেশ পথে ও প্রতিটি তলায় নিরাপত্তা প্রহরীগণ নিরাপত্তা কাজে নিয়োজিত আছেন।	
৩) বাপেক্সের ডাটা ম্যানেজমেন্ট বিভাগের টেপ প্রিজারভেশন কক্ষে সংরক্ষিত ম্যাগনেটিক টেপ ও অন্যান্য ডকুমেন্টস এবং ডাটা প্রিজারভেশন কক্ষে সংরক্ষিত সাইসমিক সেকশন, ওয়েল লগ, বিভিন্ন রিপোর্ট ইত্যাদির হার্ড কপি ডাটা প্রয়োজনীয় সহায়ক পরিবেশে সংরক্ষণের জন্য এয়ারকুলার ও ডিহিউমিডিফায়ারের সাহায্যে অফিস সময়ের পর এবং সরকারী ছুটির দিনে টেপ ও ডাটা স্টোরের তাপমাত্রা ও আদ্রতা নিয়ন্ত্রণ করা হয়।	৩) বাপেক্সের ডাটা সেন্টারের মজুদকৃত ডাটার জন্য পেট্রোসেন্টারের ১০ম তলায় ডাটা সেন্টার অফিসে ১৭টি অগ্নিনির্বাপক যন্ত্র সচল রাখার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	
৪) বাপেক্সের পরীক্ষাগারে ব্যবহৃত যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি সংশ্লিষ্ট ম্যানুয়ালে বর্ণিত নিয়মানুযায়ী স্থাপিত ও ব্যবহৃত হয়ে থাকে।	৪) বাপেক্সের পরীক্ষাগারে সেইফটি বিধিমালায় আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে অত্র বিভাগের কার্যাদি পরিচালিত হয়ে আসছে।	
৫) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রে এলাকায় অত্র অর্থ বছরে ক্রয়কৃত ও বিভিন্ন সময়ে রোপনকৃত বিভিন্ন প্রকার বনজ, ফলজ, ঔষধি ও ফুলের গাছ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	৫) সালদানদী গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা চৌকিসমূহে সার্বক্ষণিক নিরাপত্তার স্বার্থে নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনে নিয়োজিত আনসার/নিরাপত্তা প্রহরীগণের মধ্যে ০১ জন পিসি এবং ০১ জন এপিসি তাদের তদারকির দায়িত্বে কর্মরত আছেন। এছাড়া অতিরিক্ত নিরাপত্তার লক্ষ্যে ০৩ জন কর্মকর্তা নিরাপত্তা তত্ত্বাবধানে নিয়োজিত আছেন।	
৬) প্রসেস প্লান্ট, সিকিউরিটি পোস্ট, মেইন গেট, স্ক্রীম পিট, গ্যাদারিং লাইন, ট্যাংক এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত চলছে।	৬) সালদানদী গ্যাস ক্ষেত্রে বর্তমানে ২৪ টি অগ্নিনির্বাপকযন্ত্র দৃষ্টিভঙ্গির সময় ব্যবহার করার লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে।	
৭) অত্র গ্যাস ক্ষেত্রের প্রসেস প্লান্ট ও ক্যাম্প এলাকায় পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ চলছে।	৭) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রে স্থাপিত অগ্নিনির্বাপক যন্ত্রগুলো এবং ফায়ার ওয়াটার ইঞ্জিন পাম্প প্রতি সপ্তাহান্তে পরীক্ষা নিরীক্ষা ও কার্যপোযোগী করা হয়েছে, যাতে আপদকালীন সময়ে যথাযথভাবে ব্যবহার করা যেতে পারে।	
৮) সেমুতাং গ্যাস ক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করা হয়েছে।	৮) বিভিন্ন স্থানের অগ্নিনির্বাপক যন্ত্র ও হাইড্রেন্ট লাইনসমূহ কার্যক্ষম করে যথাস্থানে স্থাপন করা হয়েছে।	
৯) বৃক্ষ রোপন কর্মসূচী সফল করার লক্ষ্যে রোপনকৃত চারা গাছসহ বিভিন্ন সময়ে রোপিত অন্যান্য গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	৯) নিরাপত্তা কাজে নিয়োজিত আনসার ও সিকিউরিটি বাহিনীর কার্যক্রম প্রতিনিয়ত তদারকি করা হচ্ছে।	
১০) সালদানদী গ্যাস ক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করাসহ ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১০) কন্ট্রোল রুম ও বিভিন্ন স্থানে স্থাপিত ফায়ার/স্মোক ডিটেকটর ও অ্যালার্ম ডিভাইসগুলো চেক করা হয়েছে।	
১১) বৃক্ষ রোপণ কর্মসূচীর আওতায় রোপনকৃত চারা গাছসহ বিভিন্ন সময়ে রোপিত অন্যান্য গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১১) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রে ১নং গ্যাস উৎপাদন কুপের কন্ট্রোল রুমের চারিপাশ আগাছামুক্ত ও পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়েছে।	
১২) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের ১নং ও ২নং কুপ এলাকায় বিভিন্ন সময় রোপিত ফলজ, বনজ ও ঔষধি গাছসহ এ পর্যন্ত লাগানো বৃক্ষসমূহ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১২) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের ভাণ্ডার ভবনের সামনে একটি গোড়াউন ঘর তৈরী করে সেখানে পেট্রোল, ডিজেল ইত্যাদি সংরক্ষণ করা হয়েছে।	

গৃহীত পদক্ষেপ		দৃষ্টিনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
	<p>১৩) সেমুতাং গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা চৌকিসমূহে সার্বক্ষনিক নিরাপত্তার স্বার্থে অস্থায়ী নিরাপত্তা প্রহরীগণ নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনে নিয়োজিত আছেন এবং ০১ জন নিরাপত্তা প্রহরী তাদের তদারকির দায়িত্বে কর্মরত আছেন। এছাড়া একটি মনিটরিং সেল নিরাপত্তা ব্যবস্থা তদারকি করে থাকেন।</p> <p>১৪) খনন চলাকালীন সময়ে সেইফটি বিষয়ে গৃহীত পদক্ষেপ সমূহ নিম্নরূপ :-</p> <p>(ক) ফিল্ডে কুপের নিরাপত্তার কাজে ব্যবহৃত বিভিন্ন প্রকার যন্ত্রপাতি যেমন- BOP & Control Panel, Gray Valve, Kelly Cock (Upper & Lower) ইত্যাদির কার্যকারিতা মাঝে মাঝে পরীক্ষা করা হয়।</p> <p>(খ) পরিবেশ দূষণ প্রতিরোধে Mud Pit-এর ব্যবস্থা রাখা হয়েছে।</p> <p>(গ) অগ্নি নির্বাপনের জন্য বিভিন্ন ধরনের Fire Extinguisher এর ব্যবস্থা রাখা হয়েছে।</p> <p>(ঘ) কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত নিরাপত্তার জন্য safety shoe/safety boot, helmet, rain coat, hand gloves, safety belt ইত্যাদির ব্যবস্থা রাখা হয়েছে। তাছাড়াও ladder, railing এবং First Aid-এর ব্যবস্থা আছে।</p> <p>১৫) টেকনিক্যাল সার্ভিসেস বিভাগ :-</p> <p>(ক) টেকনিক্যাল সার্ভিসেস বিভাগের উপ-বিভাগ সমূহে ব্যবহৃত ইকুইপমেন্ট, যন্ত্রপাতি ও কেমিক্যাল যথাযথ নিয়ম মেনে ব্যবহার করা হয়েছে।</p> <p>(খ) সেইফটি বিধিমালায় আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে টেকনিক্যাল সার্ভিসেস বিভাগের কার্যাদি পরিচালিত হয়েছে।</p>	

১। অনুসন্ধান ভূ-তত্ত্ব

ঃ

০১। ভূতাত্ত্বিক জরিপ দল ২০১৯-২০২০ মাঠ মৌসুমে রাঙামাটি জেলার সীতাপাহাড় ভূগঠনে মাঠ পর্যায়ে ভূতাত্ত্বিক জরিপ কার্যক্রম পরিচালনা করছে। ভূতাত্ত্বিক জরিপ কার্যক্রমের অগ্রগতির বিবরণ নিম্নরূপঃ

জরিপকৃত ভূগঠন / এলাকার নাম	কাজের বিবরণ	জরিপকৃত সেকশন/ছড়াসমূহ	জরিপকৃত সেকশন/ ছড়ার দৈর্ঘ্য	জরিপের ক্রমপুঞ্জিভূত দৈর্ঘ্য	সংগৃহিত নমুনা
সীতাপাহাড়	ভূতাত্ত্বিক জরিপ	১। সাপছড়ি ছড়া। ২। দেবতাহড়ি ছড়া (অংশ)। ৩। মানিকছড়ি-সাপছড়ি-কুতুকছড়ি রোড সেকশন। ৪। হাতিমারা ছড়া (অংশ)। ৫। নুনছড়ি ছড়া (অংশ)। ৬। রাঙামাটি-আসামবস্তী-কাপ্তাই রোড সেকশন (অংশ)।	২৩ লাইন কিঃমিঃ	৫৩ লাইন কিঃমিঃ	ক) শিলা নমুনাঃ ২২ টি। ক্রমপুঞ্জিভূতঃ ৩৪ টি। খ) গ্যাস নমুনাঃ নাই। গ) তেল নমুনাঃ নাই। ঘ) পানি নমুনাঃ ০১ টি।

০২। সীতাপাহাড় ভূগঠন এবং তদসংলগ্ন এলাকাসমূহে রিকোনাইসেন্স সার্ভে চলছে।

০৩। ভূতাত্ত্বিক জরিপ কার্যক্রমের সাথে সাথে জরিপকৃত সেকশনসমূহের প্লটিংসহ আনুষঙ্গিক কাজ চলছে।

০৪। ভূতাত্ত্বিক জরিপ চলাকালীন সংগৃহিত শিলা নমুনা সমূহ হতে ০২ দফায় ১৫ (পনের) টি শিলা নমুনা বিশ্লেষণের নিমিত্তে পরীক্ষাগার বিভাগ, প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

০৫। মাঠ পর্যায়ে ভূতাত্ত্বিক জরিপ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে স্থানীয় প্রশাসন, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং স্থানীয় জন প্রতিনিধির সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।

০৬। ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন কসবা উপজেলার পূর্ব অষ্টজঙ্গল গ্রামের শেরে বাংলা স্কুল মাঠে গভীর নলকূপ স্থাপনকালে গ্যাস নির্গমন স্থান সরেজমিনে পরিদর্শন এবং নমুনা সংগ্রহ করতঃ পরীক্ষাগার বিভাগে প্রেরণ করা হয়েছে।

০৭। পরীক্ষাগার বিভাগের প্রেরিত প্রতিবেদন ও প্রাপ্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন কসবা উপজেলার পূর্ব অষ্টজঙ্গল গ্রামের শেরে বাংলা স্কুল মাঠে গভীর নলকূপ স্থাপনকালে গ্যাস নির্গমন বিষয়ে প্রতিবেদন প্রস্তুতির কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

২। বেসিন স্টাডি

ঃ

০৮। ভূপদার্থিক বিভাগ হতে প্রাপ্ত শরিয়তপুর এলাকার পূর্বের সংগৃহীত ও গত ২০১২-২০১৪ মাঠ মৌসুমে সংগৃহীত উপাত্তের রিপ্রসেসডকৃত লাইনসমূহ এবং সম্প্রতি ২০১৭-১৮ মাঠ মৌসুমে সংগৃহীত দ্বিমাত্রিক সাইসমিক উপাত্তসমূহ একত্রীভূত করে শরিয়তপুর প্রসপেক্ট মূল্যায়নকরতঃ G&G কমিটি কর্তৃক শরিয়তপুর # ১ অনুসন্ধান কূপটির চূড়ান্তকৃত লোকেশনসহ অন্যান্য কারিগরী তথ্য-উপাত্তের উপর ভিত্তি করে প্রস্তুতকৃত শরিয়তপুর # ১ অনুসন্ধান কূপটির কূপ প্রস্তাবনা পরিকল্পনা বিভাগ ও উন্নয়ন ভূতত্ত্ব উপবিভাগে প্রেরণ করা হয়েছে।

০৯। বাপেক্সের স্থায়ী G&G কমিটি কর্তৃক মাদারগঞ্জ # ১ অনুসন্ধান কূপের লোকেশন, গভীরতা, কূপের ধরণ, কেসিং স্থাপন গভীরতা সংশোধনীপূর্বক চূড়ান্তকরত জাপানের MOECO কর্তৃক ২০১৮ সালের ডাটা Interpretation রিপোর্ট পর্যালোচনা করে পূর্বের প্রণীত কূপ প্রস্তাবনা সংশোধনপূর্বক মাদারগঞ্জ # ১ অনুসন্ধান কূপের সংশোধিত কূপ প্রস্তাবনা প্রণয়নের কাজ চলমান রয়েছে।

১০। সাভার-মানিকগঞ্জ এলাকায় ২০১৫-১৬ মাঠ মৌসুমে দ্বিমাত্রিক সাইসমিক উপাত্তসমূহ এবং সম্প্রতি ২০১৭-১৮ মাঠ মৌসুমে সংগৃহীত দ্বিমাত্রিক সাইসমিক উপাত্তসমূহ সমন্বয় করে ভূপদার্থিক ও ভূতাত্ত্বিক বিশ্লেষণপূর্বক মূল্যায়নের কাজ চলমান রয়েছে।

৩। ফরমেশন ইন্ডালুয়েশন

- ১১। কসবা #১ অনুসন্ধান কূপে Wireline Logging সেবা গ্রহণের বিপরীতে দাখিলকৃত সেপ্টেম্বর ও অক্টোবর, ২০১৮ মাসের ইনভয়েস পরীক্ষণের কার্যক্রম সম্পন্ন করত: অনুসন্ধানকৃত ইনভয়েস সমূহ প্রকল্প পরিচালক, রূপকল্প-৩ বরাবর প্রেরণ করা হয়েছে।
- ১২। শাহবাজপুর #৩ কূপের ওয়ার্কওভার কাজের সাথে সংশ্লিষ্ট Wireline Logging সেবা গ্রহণের লক্ষ্যে Technical specification চূড়ান্ত করত: Tender document তৈরির লক্ষ্যে প্রশাসন বিভাগে প্রেরণ করা হয়েছে।
- ১৩। চুক্তি নং: বাপেক্স/এডমিন/১৬৮০, তারিখ: ১৮/০২/২০১৮-এর আওতায় বাপেক্স এর বেগমগঞ্জ #৩ কূপের ওয়ার্কওভার কাজে Wireline Logging সেবা গ্রহণের জন্য ব্যবহার পরবর্তী রেডিওএকটিভ সোর্স ও ম্যাটেরিয়াল পুনঃরপ্তানি যোগ্য মালামালের রপ্তানি অনুমতি পত্রের সংশোধন ও মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে চেয়ারম্যান, পেট্রোবাংলা বরাবর ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক স্বাক্ষরকৃত পত্র প্রেরণ করা হয়েছে।
- ১৪। শাহজাদপুর-সুন্দলপুর #২ মূল্যায়ন/উন্নয়ন কূপ থেকে সংগৃহিত Wireline Log data, DST data এবং অন্যান্য তথ্য-উপাত্ত বিশ্লেষণপূর্বক Log Interpretation এবং খসড়া পুনঃমজুদ নির্ণয় করত: প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে যা চূড়ান্ত করনের কাজ চলমান রয়েছে।
- ১৫। শাহবাজপুর ইস্ট #১ কূপে গ্যাস প্রাপ্তির প্রেক্ষিতে শাহবাজপুর গ্যাস ফিল্ডের মজুদ পুনঃমূল্যায়নকরত প্রস্তুতকৃত প্রতিবেদন চূড়ান্ত করনের কাজ চলমান রয়েছে।
- ১৬। ভোলা নর্থ গ্যাস ফিল্ডের ১ নং কূপে গ্যাস প্রাপ্তির প্রেক্ষিতে Log Interpretation এবং প্রাথমিক মজুদ মূল্যায়নকরত প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

৪। ফিল্ড উন্নয়ন ভূ-তত্ত্ব

- ১৭। শ্রীকাইল ইস্ট # ১ কূপ খনন প্রকল্পে ওএফআই মাদলগিং ইউগনট দ্বারা সার্বক্ষনিকভাবে মাদলগিং সার্ভিস প্রদান করা হচ্ছে।
- ১৮। শরিয়তপুর # ১ অনুসন্ধান কূপের GTO প্রস্তুতকরণের কাজ শুরু হয়েছে।
- ১৯। সুনত্র # ২ অনুসন্ধান কূপের GTO প্রস্তুতকরণের কাজ চলছে।
- ২০। মাদারগঞ্জ # ১ অনুসন্ধান কূপের GTO রিভিউ এর কাজ চলছে।
- ২১। বাপেক্সের ওএফআই মাদলগিং ইউনিট রিফারবিস ও আপগ্রেড করার লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠান OIL FIELD INSTRUMENTATION (INDIA) PVT. LTD. এর সাথে চুক্তি সম্পন্ন হয়েছে। বর্তমানে ঋণপত্র (লেটার অব ক্রেডিট) খোলার কাজ প্রক্রিয়াধীন রয়েছে।
- ২২। বাপেক্সের ওয়েদারফোর্ড মাদলগিং ইউনিট রিফারবিস ও আপগ্রেড করার লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠান EXCELLENCE LOGGING PTE. LTD. এর সাথে চুক্তি সম্পন্ন হয়েছে। বর্তমানে ঋণপত্র (লেটার অব ক্রেডিট) খোলার কাজ প্রক্রিয়াধীন রয়েছে।
- ২৩। সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, বেগমগঞ্জ, সুন্দলপুর ও শ্রীকাইল গ্যাসক্ষেত্রের উৎপাদন ও Well head pressure ও অন্যান্য উপাত্ত নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।

৫। আইওসি কার্যক্রম

- ২৪। KrisEnergy Bangladesh Ltd. ও Niko Resources (Block-9) Ltd.-এর সাথে PSC Block-9 এর অংশীদার হিসেবে বাংগুরা গ্যাসক্ষেত্রের অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে। বর্তমানে উক্ত গ্যাসক্ষেত্র হতে দৈনিক প্রায় ১০১ মিলিয়ন ঘনফুট গ্যাস উত্তোলিত হচ্ছে।
- ২৫। Santos Sangu Field Ltd. ও KrisEnergy Asia Ltd. এর সাথে PSC Block SS-11 এর ক্রেডিট পার্টনার হিসেবে অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে।
- ২৬। ONGC Videsh Ltd. (OVL) ও Oil India Ltd. (OIL) এর সাথে PSC Block SS-04 ও SS-09 এর ক্রেডিট পার্টনার হিসেবে অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে। শীঘ্রই Block SS-04-এ 'কাঞ্চন # ১'-এর খননকাজ শুরু হবে।

২৭। বাপেক্স এবং রাশিয়ান ফেডারেশনের রাষ্ট্রীয় প্রতিষ্ঠান Gazprom EP International Investment B.V.-এর মধ্যে Bhola Island Fields Evaluation-এর জন্য Memorandum of Understanding (MoU) স্বাক্ষরের বিষয়টি সরকার কর্তৃক নীতিগতভাবে অনুমোদনের প্রেক্ষিতে গত ২৮ জানুয়ারি, ২০২০ তারিখে MoU টি স্বাক্ষরিত হয়। বর্তমানে উপাত্ত আদান প্রদানের লক্ষ্যে Confidentiality Agreement স্বাক্ষরের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

৫। অন্যান্য কার্যক্রম

ঃ

- ২৬। অত্র উপ-বিভাগের ৬ জন কর্মকর্তা বাপেক্স-এর স্থায়ী G&G কমিটি, বাপেক্সের আওতাধীন Dry, Abandoned ও Suspended কূপসমূহ Re-visit করার Priority নির্ধারণ করার লক্ষ্যে গঠিত টিম, এসজিএফএল-এর কৈলাশটিলা-৩ নং কূপে পানি আসার কারণ ও পরবর্তী করণীয় নির্ধারণের লক্ষ্যে গঠিত কমিটি, বিজিএফসিএল-এর আওতাধীন তিতাস ও বাখরাবাদ গ্যাস ফিল্ডের ৩-ডি সাইসমিক ডাটা পুনঃমূল্যায়ন করার জন্য গঠিত কমিটি, বাপেক্সের ভাড়াকৃত মিনিবাস ও মাইক্রোবাস রুট পুনঃবিন্যস্তকরণ কমিটি এবং অস্থায়ী শ্রমিক নিয়োগ সংক্রান্ত কমিটিতে কর্মরত আছেন। ইতোমধ্যে ভবিষ্যতে বাপেক্স-এর ৩ডি সাইসমিক জরিপ কার্যক্রম পরিকল্পনার লক্ষ্যে গঠিত কমিটি এবং “শরিয়তপুর # ১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প” এর ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করার লক্ষ্যে গঠিত কমিটি কাজ সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করেছেন।
- ২৮। অত্র বিভাগের ২ (দুই) জন কর্মকর্তা শ্রীকাইল ইন্সট # ১ অনুসন্ধান কূপের VSP কার্যক্রম পর্যবেক্ষণ, ২ (দুই) জন কর্মকর্তা Perforation কার্যক্রম পর্যবেক্ষণ এবং অপর ১ (এক) জন কর্মকর্তা ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলায় প্রাকৃতিক গ্যাস অনুসন্ধানের জরিপ কার্যক্রম পরিচালনার উপযোগিতা যাচাই সরেজমিনে পরিদর্শনে অংশগ্রহণ করেছেন।

৪.২

ভূপদার্থিক বিভাগ

১। ডাটা প্রসেসিং উপবিভাগ :

- ক) ২০১৮-২০১৯ মার্চ মৌসুমে রূপকল্প-০৯:২ডি সাইসমিক প্রজেক্টের পার্টি-০২ এর আওতায় কিশোরগঞ্জ এলাকায় সংগৃহীত সাইসমিক জরীপ RK-09-R-22, RK-09-R-26, RK-09-R-30, RK-9-34, RK-9-36, RK-9-38, RK-9-45, RK-9-47, RK-9-49, RK-9-41 Full Line RK-9-53 ও RK-9-57 লাইন সমূহের Final Processing এর কাজ চলমান আছে।
- খ) ২০১৮-২০১৯ মার্চ মৌসুমে রূপকল্প-০৯, ২ডি সাইসমিক প্রজেক্টের পার্টি-০১ এর আওতায় জামালপুর, ময়মনসিংহ - টাঙ্গাইল এলাকায় সংগৃহীত সাইসমিক জরীপ RK-9-R-09, RK-9-R-13, RK-9-R-17, RK-9-R-18, RK-9-R-21, RK-9-R-22, RK-9-R-26, RK-9-R-30, RK-9-AD-101, RK-9-AD-02, RK-9-AD-03 ও RK-9-R-113 লাইন সমূহের Final Processing এর কাজ চলমান আছে।
- গ) Processing Software Geovation 2015 (Level 6501) দ্বারা ২০১৮-২০২০ মার্চ মৌসুমে রূপকল্প-০৯:২ডি সাইসমিক প্রজেক্টের পার্টি-০১ কর্তৃক জামালপুর-টাঙ্গাইল এলাকার RK-9-R-01, RK-9-R-05, RK-9-R-09, RK-9-R-13 ও RK-9-R-17 লাইন সমূহের Residual Stacks ও Velocity Picking এর কাজ শেষ হয়েছে। বর্তমানে উক্ত লাইন সমূহের PSTM এর কাজ চলমান আছে।

২। জিওফিজিক্যাল মেইনটেন্যান্স এন্ড স্টোরস উপবিভাগ :

- ক) 428 Lite এর Server ও client সমূহ চালু করে পর্যবেক্ষন করা হয়েছে।
- খ) Walki Talki Battery নিয়মিত চার্জিং-ডিসচার্জিং করা হয়েছে।
- গ) দুটি ওয়াগোন ভ্যান এবং ভ্যানে সংরক্ষিত ৫০৮ রেকর্ডিং ইকুইপম্যান্ট নিয়মিত চালু করে পর্যবেক্ষন করা হয়েছে।
- ঘ) সুটিং ব্লস্টার সমূহ নিয়মিত চার্জিং করা হয়েছে।
- ঙ) কাপাসিয়ায় সংরক্ষিত এসিড ব্যাটারীগুলো চার্জিং এর কাজ চলমান আছে।
- চ) অব্যবহৃত ও ব্যবহার অনুপযোগী Walki Talki গুলো সীল করার নিমিত্তে চেয়ারম্যান, বিটিআরসি মহোদয় বরাবর প্রেরিত পত্রের উত্তর পাওয়া গেছে গত ২৭/০২/২০২০ এবং সে অনুযায়ী পদক্ষেপ গ্রহন করা হয়েছে।

১। খনন ও ওয়ার্কওভার কার্যক্রম :

- ক) তিতাস-৭ ওয়ার্কওভার :
ZJ 40 DBT (Bijoy-11) রিগ দ্বারা বিজিএফসিএল এর তিতাস-৭ কূপ ওয়ার্কওভার করা হবে। তিতাস-৯ কূপের ওয়ার্কওভার সম্পন্ন হওয়ার পর রিগটি ০২-০২-২০২০ তারিখে রিলিজ করা হয়েছে। তিতাস-৯ কূপ থেকে রিগ ডাউন করে তিতাস-৭ কূপে স্থানান্তর করে ২১ ফেব্রুয়ারি, ২০২০ রিগ আপ করা হয়েছে। ২৫ ফেব্রুয়ারি, ২০২০ তারিখে রিগ ও জনবল ওয়ার্কওভার করার জন্য প্রস্তুত করা হয়। বিজিএফসিএল এর পত্র মোতাবেক ০৫ মার্চ, ২০২০ তারিখে তিতাস-৭ কূপের ওয়ার্কওভার কাজ শুরু করার পরিকল্পনা রয়েছে।
- খ) সিলেট-৯ কূপ খননঃ
ZJ50 DBS (Bijoy-12) রিগ দ্বারা এসজিএফএল এর সিলেট-৯ কূপ খনন করা হবে। বিজয়-১২ রিগটি কসবা-১ কূপ প্রকল্প হতে সিলেট-৯ কূপ এলাকায় স্থানান্তর শেষে ২৯ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ রিগ আপ সমাপ্ত হয়েছে। বর্তমানে রিগ কমিশনিং কাজ চলমান আছে।
- গ) শ্রীকাইল ইস্ট-১ কূপ খননঃ
ZJ70 DBS (Bijoy-10) রিগ দ্বারা গত ২৮ অক্টোবর, ২০১৯ তারিখে শ্রীকাইল ইস্ট-১ কূপের খনন কাজ শুরু করা হয়েছে। ৩১ জানুয়ারি, ২০২০ তারিখে ৩৪৮২ মিটার পর্যন্ত খনন সমাপ্তি করা হয়েছে। বর্তমানে DST এর কাজ চলমান রয়েছে।
- ঘ) শাহবাজপুর-৩ কূপ ওয়ার্কওভার
GARDNER DENVER E-1100 (IPS) রিগ দ্বারা বাপেক্স এর শাহবাজপুর-৩ কূপ ওয়ার্কওভার করা হবে। উক্ত রিগের মাড সিস্টেম ব্যবহারের অনুপযোগী হওয়ায় IPS রিগের সাথে ব্যবহারের লক্ষ্যে তিতাস-৬ হতে IDECO Rig এর মাড সিস্টেম মার্চ, ২০২০ মাসের মধ্যে শাহবাজপুর-৩ কূপ ওয়ার্কওভার প্রকল্পে স্থানান্তর করা হবে।

২। রিগ বেইজ :

- ক) মাধবপুর রিগ বেইজ :
দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ রিগ বেইজে রক্ষিত মালামাল রক্ষণাবেক্ষণ, পরিস্কার পরিচ্ছন্ন ও নিরাপত্তা বিধানের কাজ অব্যাহত আছে।

১। কূপ পরীক্ষণ (Well Testing) :

- ১) শ্রীকাইল ইন্সট # ০১ খনন কূপে DST সম্পাদনের লক্ষ্যে Well Data Analysis করতঃ String Design এর কাজ চলমান রয়েছে।
- ২) শাহাবাজপুর # ০৩ কূপের জন্য Slick Line Operation সার্ভিসেস ভাড়া সংগ্রহের জন্য আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হয়েছে। উক্ত দরপত্রের কারিগরী ও বানিজ্যিক মূল্যায়নের কাজ সম্পন্ন হয়েছে।
- ৩) সদ্যসমাপ্ত বিভিন্ন কূপের কূপ পরীক্ষণ রিপোর্ট প্রনয়ণ এবং পরবর্তী কূপসমূহের প্রস্তাবিত ডিএসটি/ টেস্টিং প্রসিডিউর চূড়ান্তকরণের কাজ অব্যাহত আছে।

২। মাড ইঞ্জিনিয়ারিং (Mud Engineering) :

- ১) শ্রীকাইল ইন্সট # ০১ খনন কূপের মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদানের কাজ চলছে।
- ২) তিতাস # ৯ কূপে ওয়ার্কওভার কাজে মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদানের কাজ চলছে।
- ৩) বাপেক্স এর খনন কার্যক্রমের জন্য Lab Reagent, Apparatus & Equipment ক্রয়ের লক্ষ্যে আন্তর্জাতিক পুনঃদরপত্র নং-BAPEX/ADMIN/INT/TEN-961/2019, Dated: 11/12/2019 এর বিপরীতে প্রাপ্ত দরপত্র সমূহের কারিগরী মূল্যায়নের কাজ সম্পন্ন করে চূড়ান্ত প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবরে দাখিল করা হয়েছে।

৩। ওয়েল সিমেন্টেশন (Well Cementation) :

- ১) শ্রীকাইল ইন্সট-১ খনন প্রকল্পের Ø 7" Liner Casing Cementation কাজ সফলতার সঙ্গে সম্পন্ন হয়েছে। উক্ত প্রকল্পে পরবর্তী কার্যক্রমের জন্য সিমেন্টিং সার্ভিস প্রদান অব্যাহত রয়েছে।
- ২) রূপকল্প # ২ এর আওতায় জকিগঞ্জ # ১ অনুসন্ধান কূপের বিপরীতে Procurement Of Cement (API Class "G"), Cement Additives, Cement Analysis and Cementation Services With Equipment (Rental) গ্রহণ/ক্রয়ের লক্ষ্যে আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র (OTM) গত ০৪-১২-২০১৯ তারিখে পুনরায় আহ্বান করা হয় এবং গত ০১/০৩/২০২০ তারিখে কারিগরী মূল্যায়নের কাজ সম্পন্ন করে চূড়ান্ত প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবরে দাখিল করা হয়েছে।
- ৩) শাহাবাজপুর # ০৩ কূপের Cementing Unit ও অন্যান্য যন্ত্রপাতি রক্ষণাবেক্ষন কাজ চলমান আছে।

১। পেট্রোফিজিক্যাল

ঃ

- ক) কোর নমুনা বিশ্লেষণ কাজে ব্যবহৃত তিনটি যন্ত্র (Trimming Machine, Saturator & Dean Stark) ক্রয়ের পুনঃদরপত্রের মূল্যায়নের কাজ শেষ করার পর সর্বনিম্ন দরদাতার লোকাল এজেন্ট M/s Maks Trading কে কার্যাদেশ পাঠালে তারা পিজি বাপেক্স বরাবর প্রেরণ করেন। বর্তমানে উপরোক্ত তিনটি যন্ত্র ক্রয়ের পরবর্তী কার্যক্রম চলমান আছে।
- খ) বাপেক্স-এর চট্টগ্রামস্থ আঞ্চলিক কার্যালয়ে অবস্থিত কোরস্টোরটি আধুনিকায়নের প্রচেষ্টা চলমান আছে। পাশাপাশি নির্মাণ বিভাগের একটি আন্তঃ বিভাগীয় পত্রের প্রেক্ষিতে চট্টগ্রামস্থ আঞ্চলিক কার্যালয়ে ভ্রমণ করা হবে।
- গ) সেমুতাং সাউথ # ১ এ কোরিংকৃত দুই (০২) টি কোর (১৮ মিটার এর ২১ টি সেগমেন্টের Sampling শেষে Extraction এবং Drying এর কাজ শেষ করা হয়েছে। বর্তমানে Porosity এবং Permeability এর মান সমূহ বের করা হচ্ছে। পরবর্তীতে Electrical resistivity analysis এর মানসমূহ বের করা হবে।
- ঘ) Porosimeter Permeameter (Kephi) যন্ত্রের জন্য EGP পদ্ধতিতে কম্পিউটার মনিটরসহ অন্যান্য আনুসঙ্গিক যন্ত্রাদি ক্রয় করার পর ইনস্টলেশনের কাজ করা হয়েছে।

২। ভূতাত্ত্বিক ল্যাব

ঃ

- ক) ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক প্রেরিত ২০১৯-২০২০ মাঠ মৌসুমে সীতাপাহাড় ভূগঠনের বিভিন্ন ছড়া ও সেকশন হতে সংগৃহীত ১ম দফায় প্রেরিত তিনটি (৩) টি নমুনার Micropaleontological Analysis শেষে প্রস্তুতকৃত প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ করা হয়েছে।
- খ) Palenological analysis এর লক্ষ্যে Biological Microscope ক্রয়ের জন্য প্রাক্কলনের কাজ চলছে।
- গ) সেমুতাং সাউথ # ১ এ কোরিংকৃত দ্বিতীয় কোর নমুনা হতে সংগৃহীত নয়টি (০৯) টি নমুনা সংগ্রহ শেষে Micropaleontological Analysis এর লক্ষ্যে নমুনা প্রস্তুতির কাজ শেষে জীবাশ্ম পৃথিকীকরণের কাজ চলছে।
- ঘ) সেমুতাং সাউথ # ১ এ কোরিংকৃত একটি (০১) টি কোর নমুনা হতে সংগৃহীত নয়টি (০৯) টি নমুনা প্রস্তুতির কাজ শেষে Grain Size Analysis ও XRD data acquisition এর কাজ শেষ হয়েছে।
- ঙ) সেমুতাং সাউথ # ১ এ কোরিংকৃত দ্বিতীয় কোর নমুনা হতে সংগৃহীত আটটি (০৮) টি নমুনা প্রস্তুতির কাজ শেষে Grain Size Analysis ও XRD data acquisition এর কাজ চলছে।
- চ) XRD যন্ত্রের জন্য একটি Spare X-Ray Tube ক্রয় প্রক্রিয়া চলছে।
- ছ) ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০১৯-২০২০ মাঠ মৌসুমে সীতাপাহাড় ভূগঠনের বিভিন্ন ছড়া ও সেকশন হতে সংগৃহীত ১ম দফায় প্রেরিত দুই (২) টি নমুনার Grain Size Analysis ও Mineralogical Analysis শেষে প্রস্তুতকৃত প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ করা হয়েছে।
- জ) ভূতাত্ত্বিক বিভাগ কর্তৃক প্রেরিত শ্রীকাইল ইস্ট # ১ অনুসন্ধান কূপ থেকে সংগৃহীত Cutting নমুনার Sedimentological/Sieveing Analysis এর লক্ষ্যে নমুনা প্রস্তুতের কাজ চলছে।
- ঝ) ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক ২০১৯-২০২০ মাঠ মৌসুমে সীতাপাহাড় ভূগঠনের বিভিন্ন ছড়া ও সেকশন হতে সংগৃহীত ২য় দফায় প্রেরিত তিনটি (৩) নমুনার Grain Size Analysis ও Mineralogical Analysis এর লক্ষ্যে নমুনা প্রস্তুতের কাজ চলছে।

৩। ভূ-রসায়ন

ঃ

- ক) শ্রীকাইল গ্যাসক্ষেত্র থেকে ফেব্রুয়ারি, ২০২০ মাসে সংগৃহীত রুটিন গ্যাস, কনডেনসেট ও পানি নমুনা বিশ্লেষণপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।
- খ) বেগমগঞ্জ গ্যাসক্ষেত্র থেকে জানুয়ারি, ২০২০ মাসে সংগৃহীত রুটিন গ্যাস, কনডেনসেট ও পানি নমুনা বিশ্লেষণপূর্বক প্রস্তুতকৃত প্রতিবেদন উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।

- গ) সালদানদী গ্যাসক্ষেত্র থেকে জানুয়ারি, ২০২০ মাসে সংগৃহীত রুটিন গ্যাস, কনডেনসেট ও পানি নমুনা বিশ্লেষণপূর্বক প্রস্তুতকৃত প্রতিবেদন উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- ঘ) শাহজাদপুর-সুন্দলপুর গ্যাসক্ষেত্র থেকে জানুয়ারি, ২০২০ মাসে সংগৃহীত রুটিন গ্যাস, লিকুইড হাইড্রোকার্বন ও পানি নমুনা বিশ্লেষণপূর্বক প্রস্তুতকৃত প্রতিবেদন উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে। ফেব্রুয়ারি, ২০২০ মাসে সংগৃহীত রুটিন গ্যাস, কনডেনসেট ও পানি নমুনা বিশ্লেষণপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।
- ঙ) শাহবাজপুর গ্যাসক্ষেত্র থেকে ফেব্রুয়ারি, ২০২০ মাসে সংগৃহীত রুটিন গ্যাস, কনডেনসেট ও পানি নমুনা বিশ্লেষণপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।
- চ) ব্রাহ্মণবাড়ীয়া জেলার কসবা উপজেলাধীন অষ্টজঙ্গল গ্রামে শের-এ-বাংলা উচ্চ বিদ্যালয়ের মাঠে গভীর নলকূপ স্থাপনের সময় উদগীরিত ও ভূতাত্ত্বিক বিভাগ কর্তৃক সংগৃহীত ০২ (দুই) বোতল গ্যাস নমুনা বিশ্লেষণপূর্বক প্রস্তুতকৃত প্রতিবেদন ভূতাত্ত্বিক বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।
- ছ) শ্রীকাইল ইস্ট #১ কূপের ৩০৬৬ ও ৩০৯১ মিটার গভীরতায় এমডিটি চেম্বারে সংগৃহীত ফ্লুইড (গ্যাস ও পানি) নমুনাসমূহ বিশ্লেষণপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।
- জ) বেগমগঞ্জ গ্যাসক্ষেত্র থেকে প্রেরিত নলকূপের পানির ০২ (দুই)টি নমুনা বিশ্লেষণপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

৪। বিবিধ:

- ক) পরীক্ষাগার বিভাগের ইকুইপমেন্টসহ অন্যান্য যন্ত্রপাতি ও মালামাল সংগ্রহ প্রকল্পের ডিপিপি প্রণয়নপূর্বক ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে।
- খ) বিভাগীয় প্রধান নিজ বিভাগের কাজের পাশাপাশি বিভিন্ন কমিটির কাজে নিয়োজিত থাকেন।

৪.৬

উৎপাদন বিভাগ

গ্যাস ও কনডেনসেট উৎপাদন এবং বিক্রয়ের সংক্ষিপ্ত বিবরণী

(১) উৎপাদনের বিবরণ

ঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদনক্ষম কূপ সংখ্যা	উৎপাদনরত কূপ সংখ্যা	উপাদান	দৈনিক উৎপাদন ক্ষমতা	লক্ষ্যমাত্রা (২০১৯- ২০২০)	চলতি মাস (ফেব্রুয়ারি' ২০২০)	বিগত মাস (জানুয়ারি' ২০২০)	চলতি বৎসর ক্রমপুঞ্জিত (২০১৯-২০২০)	প্রারম্ভ হতে ক্রমপুঞ্জিত উৎপাদন
০১।	সালদানদী	০৩	০১	১। গ্যাস	০.০৭১	২৬.০০	৬.১১৭	৫.০০৩	৪১.০৯৪	২১৩৮.৬১২
				২। কনডেনসেট	০.০৪০	১৪.৫১	৩.১৯৯	৩.৮৯২	৩৭.০৫২	৭০৯৯.৫৮৩
০২।	ফেঞ্চুগঞ্জ	০৩	০২	১। গ্যাস	০.২৮২	১০৩.০০	২.৮৮১	২.৯৫৯	২৮.১৮২	৪৫৫৭.০৪৫
				২। কনডেনসেট	০.৪৭৭	১৭৪.১১	৬.৫৯১	৫.৫৪৯	৩৮.৩৮৩	১৮৩৭৯.৫৮৩
০৩।	শাহবাজপুর	০৪	০২	১। গ্যাস	১.৯৩৩	৬৩৮.০০	৩১.৫০৭	৩৪.৪৩৫	৩৩৩.৩১	২২৬০.৩৪১
				২। কনডেনসেট	১.২৩১	৪০৬.২৫	২০.৮৯৩	১৯.০৩২	২০৬.৪১৪	১৪০৬.৮৭৪
০৪।	সেমুতাং	০৬	০১	১। গ্যাস	-	-	০.৭২৮	০.৮০৯	৬.০৮২৪	৩৭৮.৫৮০
				২। কনডেনসেট	-	-	-	-	০.৭০৭৬	৮২৬.৬৮৪
০৫।	সুন্দলপুর	০১	০১	১। গ্যাস	০.১৭০	৬২.০০	৫.৮৬৪	৬.৩০১	৪৮.৮৩৮৩	৪২৮.৫৯৯
				২। কনডেনসেট	০.০২৯	১০.৪৫	১.৪৮৭	১.৯১৩	১৯.৩৬০২	৯৭.৫২১
০৬।	শ্রীকাইল	০৩	০৩	১। গ্যাস	০.৯৯২	৩৬২.০০	২৫.৮৯১	২৭.৭৮৫	২২৪.০১৩৬	২৬৭৯.২৬৬
				২। কনডেনসেট	১৪.১৯১	৫১৭৯.৬২	৪২৬.৮৬৯	৪১২.০০২	৩৪২১.৯০৪৫	২৬৬৫৫.১৭৪
০৭।	বেগমগঞ্জ	০৩	০১	১। গ্যাস	১.০৩৩	১২৪.০০	৪.৫৭৬	৪.৮৯৯	৩৮.৭৬৪৭	১১১.৯৫০
				২। কনডেনসেট	১.৭৪১	২০৮.৯৩	৮.৪৩৫	৯.৯৪৫	৭৫.৩৮২১	১৮৬.১১০
০৮।	রূপগঞ্জ	০১	০১	১। গ্যাস	-	-	-	-	-	১৯.২২৯
				২। কনডেনসেট	-	-	-	-	-	১৮০.০৮৩

গ্যাস : এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেট : হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

(২) বিক্রয়ের বিবরণ

৪

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদিত দ্রব্য	বিক্রয়ের পরিমাণ (ফেব্রুয়ারি' ২০১৯)	ক্রমপুঞ্জিত (ফেব্রুয়ারি' ২০১৯) (২০১৯-২০২০)	ভ্যাট প্রদান (ফেব্রুয়ারি' ২০১৯)	ভ্যাট বাদে মূল্য (ফেব্রুয়ারি' ২০১৯)	মোট মূল্য (ফেব্রুয়ারি' ২০১৯)	ক্রমপুঞ্জিত মূল্য (২০১৯-২০)
০১।	সালদানদী	১। গ্যাস	৬.১১২৫	৪১.০৫৮৯	৪৭.৫৫২৯	১৫৪.২৮৫৯	২০১.৮৩৮৮	১৪৯৭.৮৭৩৫
		২। কনডেনসেট	-	৩৬.০০০	-	-	-	১৫.০৭৩২
০২।	ফেধুগঞ্জ	১। গ্যাস	২.৮৬৯১	২৮.০৭৯১	২৮.০৯৪৪	৮৭.২৬০৬	১১৫.৩৫৫০	১০৭৪.০৭৩৭
		২। কনডেনসেট	-	৩৬.০০০	-	-	-	১৫.২৮৯২
০৩।	শাহবাজপুর	১। গ্যাস	৩১.৩৬০২	৩৩১.৮৭৩৯	১৯৪.৯৯৩৫	৯৫৩.৭৮৭৮	১১৪৮.৭৮১৩	১১৬৫১.০২২০
		২। কনডেনসেট	২৭.০০০	২০২.৫০০	১.২০৯৬	৭.৩৮৪৫	৮.৫৯৪১	৬৭.১৮৮২
০৪।	সেমুতাং	১। গ্যাস	০.৭২১৩	৬.০২৩৩	৮.৮৫৮০	২১.৯৩৮৪	৩০.৭৯৬৪	২৪৩.৭৪০৯
		২। কনডেনসেট	-	৩২.০০০	-	-	-	১৩.৩৯৮৪
০৫।	সুন্দলপুর	১। গ্যাস	৫.৮৬৩১	৪৮.৮৩২২	৫৭.৪১১৫	১৭৮.৩১৮৯	২৩৫.৭৩০৪	১৭৪৬.৯৯৪৩
		২। কনডেনসেট	-	১৮.০০০	-	-	-	৭.৫৩৬৬
০৬।	শ্রীকাইল	১। গ্যাস	২৫.৮৩৫০	২২৩.৫৪২৮	২০৩.৪৩৭৮	৬৬০.০৫৬৭	৮৬৩.৪৯৪৫	৮০০৬.৯৯৯১
		২। কনডেনসেট	৪২৩.০০০	৩২৭৬.০০০	২৩.৪৩২৫	১৫৩.৬৭৭৬	১৭৭.১১০১	১৩৭১.৬৬১২
০৭।	বেগমগঞ্জ	১। গ্যাস	৪.৫৭১৭	৩৮.৭৩৩৪	৪৪.৭৬৬৭	১৩৯.০৪৪৬	১৮৩.৮১১২	১৪৮৭.৯৪৪৬
		২। কনডেনসেট	১৮.০০০	৪৫.০০০	০.৯৯৭১	৬.৫৩৯৫	৭.৫৩৬৬	১৮.৮৪১৫
০৮।	রূপগঞ্জ	১। গ্যাস	-	-	-	-	-	-
		২। কনডেনসেট	-	-	-	-	-	-

গ্যাস : এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেট : হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

১। কেন্দ্রীয় কারখানা, চট্টগ্রাম :

- ক) মেশিনশপ :
- ক) সিনো ট্রাক-০৬২৪ এর টেপার বুশ তৈরি করা হয়েছে-০৪পিস।
 খ) সিনো ট্রাক-০৬২২ এর টেপার বুশ তৈরি করা হয়েছে-০৪পিস।
 গ) সিনো ট্রাক-০৬২১ হ্যাংগার বোল্ট তৈরি করা হয়েছে-০৪পিস।
 ঘ) সিনো ট্রাক-০৬২১ এর হ্যাংগার বুশ তৈরি করা হয়েছে-০৪পিস।
 এছাড়া লেদ মেশিন, শেফার মেশিন, পাইপ থ্রেডিং মেশিন রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
- খ) ড্রিলিং ইকুইপমেন্ট এবং ওয়ার্কশপ :
- ক) ভলভো ভাউজার-০০২৬ এর বডি গ্যাস কাটিং করে ওয়েল্ডিংপূর্বক মেরামত করা হয়েছে।
 খ) সিনো ট্রাক-০৬১৯ এর স্ট্যান্ড ওয়েল্ডিংপূর্বক মেরামত করা হয়েছে।
 গ) সিনো ট্রাক-০৬২১ এর বডি ওয়েল্ডিংপূর্বক মেরামত করা হয়েছে।
 ঘ) সিনো ট্রাক-০৬২১ এর হ্যাঞ্জার বোল্ট গ্যাস কাটিং করা হয়েছে-০২পিস।
 ঙ) পতেঙ্গা স্থাপনায় ০১নং গোডাউনের দরজা গ্যাস কাটিং করে ওয়েল্ডিংপূর্বক মেরামত করা হয়েছে।
 চ) সিনো ট্রাক-০৬১৯ এ সাইড লাইট স্থাপনের জন্য প্লেট ওয়েল্ডিংপূর্বক সংযোজন করা হয়েছে।
- গ) অটোশপ
- ক) পাজারো জীপ-১২৩৭ এর মবিল ও মবিল ফিল্টার পরিবর্তন করা হয়েছে।
 খ) ভলভো প্রাইমমুভার-০২০৫ এর মবিল ও মবিল ফিল্টার পরিবর্তন করা হয়েছে। এছাড়াও ব্রেক মেরামত করা হয়েছে।
 গ) সিনো ট্রাক-০৬২২ এর হ্যাঞ্জার বুশ, টেপার বুশ পরিবর্তন করা হয়েছে এবং ক্লাচ প্লেট পরিবর্তন করা হয়েছে।
 ঘ) পাজারো জীপ-৫৯৬৩ এর মবিল ও মবিল ফিল্টার, ডিজেল ফিল্টার পরিবর্তন করা হয়েছে।
 ঙ) ভলভো প্রাইমমুভার-০১১৬ মবিল ফিল্টার পরিবর্তন করা হয়েছে এবং হাই লো ভাল্ব এর মেরামত করা হয়েছে।
 চ) সিনো ট্রাক-০৬১৯ এর ডিজেল ফিল্টার পরিষ্কার করা হয়েছে।
 ছ) মল ট্রাক-০০২৬ এর এয়ার কম্প্রেসার মেরামত করা হয়েছে।
 জ) সিনো ট্রাক-০৬২১ এর হ্যাঞ্জার বুশ, ক্লাচ সিলিন্ডার ও ক্লাচ প্লেট পরিবর্তন করা হয়েছে এবং ডিজেল ফিল্টার পরিষ্কার করা হয়েছে।
 ঝ) মল ট্রাক-০০২৫ এর ইনজেক্টর খোলা ফিটিং করা হয়েছে।
 ঞ) টাডানো ক্রেন-০০১৪ এর হাইড্রোলিক পাইপ মেরামত করা হয়েছে।
 ট) ভলভো ভাউজার-০০২৭ এর মাউন্টিং বুশ, লুকিং গ্লাস, ড্রাইভার সিট, বাম্পার পরিবর্তন করা হয়েছে। এছাড়াও ব্রেক মেরামত ও পপুলার শ্যাফট সংযোজন করা হয়েছে।
- ঘ) তড়িৎশপ
- ক) মল ট্রাক-০০২৬ এর হেড লাইট, ইন্ডিকেটর লাইট, সাইড লাইট, ওয়াইপার ব্লেড পরিবর্তন করা হয়েছে।
 খ) সিনো ট্রাক-০৬১৯ এর হেড লাইট পরিবর্তন করা হয়েছে এবং সম্পূর্ণ গাড়ির ইলেকট্রিক লাইন চেকিংপূর্বক মেরামত করা হয়েছে।
 গ) ভলভো প্রাইমমুভার-০০২৩ এর সম্পূর্ণ গাড়ির ইলেকট্রিক লাইন চেকিংপূর্বক মেরামত করা হয়েছে।
 ঘ) ভলভো ভাউজার-০০২৭ এর হেড লাইট পরিবর্তন এবং সম্পূর্ণ গাড়ির ইলেকট্রিক লাইন চেকিংপূর্বক মেরামত করা হয়েছে।
 ঙ) মল ট্রাক-০০২৫ এর হেড লাইট, ইন্ডিকেটর লাইট, সাইড লাইট, ওয়াইপার ব্লেড পরিবর্তন করা হয়েছে।

- চ) হেলী লিফটার এর স্ট্যাটিং রিলে পরিবর্তন করা হয়েছে।
- ছ) সিনো ট্রাক-০৬২২ এর হেড লাইট, সাইড লাইট, ডেস্ক বোর্ড লাইট পরিবর্তন করা হয়েছে।
- জ) প্রাডো জীপ-২৪১১ এর হর্ণ পরিবর্তন করা হয়েছে।
- এছাড়া বিভিন্ন গাড়ির ব্যাটারী চার্জিং ও ডিষ্টিলড ওয়াটার টপ-আপ করা হয়েছে। তাছাড়া প্রশাসনিক ভবন, নিরাপত্তা শাখা, পতেঙ্গা স্থাপনা এবং ভান্ডার উপ-বিভাগে বৈদ্যুতিক বাব সংযোজন মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হয়েছে।

২। কেন্দ্রীয় যানবাহন মেরামত কারখানা, ঢাকা :

উক্ত কারখানায় ১৬ টি হালকা যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং সার্ভিসিং করা হয়েছে।

৩। প্রধান কার্যালয় ঢাকা :

: প্রধান কার্যালয়ে বিভিন্ন প্রকল্পের কার্যক্রম নিম্নরূপঃ

- ক) বিজয়-১০ (ZJ70DBS), বিজয়-১১ (ZJ40DBT), বিজয়-১২ (ZJ50DBS), আইডিকো এইচ-১৭০০, XJ650T রিগ যন্ত্রপাতি এবং ভারী যানবাহন যেমনঃ ক্রেন, ফর্ক লিফটার, ট্রাক ও ট্রেইলার ইত্যাদির চলমান রক্ষণাবেক্ষণ, মেরামত কার্যক্রম পরীক্ষণ, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করা হয়েছে।
- খ) রিগসমূহে ব্যবহারের লক্ষ্যে রিগ যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ক্রয়ের আন্তর্জাতিক ও স্থানীয় ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত কাজ করা হয়েছে।
- গ) চলমান প্রকল্পসমূহে মালামাল লোডিং/অফলোডিং ও স্থানান্তর কাজে নিয়োজিত ভারী যানবাহনসমূহ মেরামতের লক্ষ্যে খুচরা যন্ত্রাংশ ক্রয়ের আন্তর্জাতিক ও স্থানীয় ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত কাজ করা হয়েছে।

৪। বিবিধ :

- ক) সিলেট-৯ কুপ এলাকা, সিলেটে বিজয়-১২ (ZJ50DBS) রিগ যন্ত্রপাতি স্থানান্তরপূর্বক রিগ যন্ত্রপাতি সংযোজন, টেস্টিং ও কমিশনিং কাজ সম্পন্নসহ রিগ উত্তোলন করা হয়েছে।
- খ) শ্রীকাইল ইন্স-১ কুপ খনন কাজে ব্যবহৃত বিজয়-১০ (ZJ70DBS) রিগের দৈনন্দিন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ চলমান।
- গ) শাহবাজপুর-৩ ওয়ার্কওভার প্রকল্পে আইডিকো ও আইপিএস রিগের সমন্বয়ে রিগ সংযোজন, স্থানান্তর, টেস্টিং, কমিশনিং এর কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে।
- ঘ) তিতাস-৬ ওয়ার্কওভার প্রকল্পে আইডিকো রিগ ডাউন করতঃ রিগ যন্ত্রপাতি বিয়োজনপূর্বক উক্ত প্রকল্পে রাখা হয়েছে।
- ঙ) তিতাস-৯ ওয়ার্কওভার প্রকল্পে বিজয়-১১ (ZJ40DBT) রিগ দ্বারা ওয়ার্কওভার কাজ সমাপ্ত করার পর উক্ত রিগটি বিয়োজন করতঃ তিতাস-৭ ওয়ার্কওভার প্রকল্পে স্থানান্তরপূর্বক রিগ যন্ত্রপাতি সংযোজন, টেস্টিং ও কমিশনিং কাজ সম্পন্ন করা হয়।
- চ) XJ650T রিগটি তিতাস-১৩ ওয়ার্কওভার প্রকল্পে বিয়োজন করতঃ রিগটি মাধবপুর রিগ বেইজে স্থানান্তরের কাজ চলমান রয়েছে।

৪.৮ ডাটা ম্যানেজমেন্ট বিভাগ

১। ডাটা প্রিজারভেশন উপ-বিভাগ :

- ক) বাপেক্সের সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, শাহজাদপুর-সুন্দলপুর, শ্রীকাইল ও বেগমগঞ্জ গ্যাসক্ষেত্র সমূহের জানুয়ারি-২০২০ মাসের গ্যাসক্ষেত্র থেকে উৎপাদিত গ্যাস, কনডেনস্টে, পানি ও FWHP/ SIWHP সংক্রান্ত উপাত্তসমূহ গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- খ) সালদানদী, ফেঞ্চুগঞ্জ, সেমুতাং, শাহজাদপুর-সুন্দলপুর, শ্রীকাইল ও বেগমগঞ্জ গ্যাসক্ষেত্রের গ্যাস, কনডেনস্টে ও পানি নমুনার জানুয়ারি-২০২০ মাসের বিশ্লেষণ প্রতিবেদন গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- গ) ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলার অষ্টজঞ্জাল ইউনিয়নের শের এ বাংলা উচ্চ বিদ্যালয়ের মাঠ থেকে সংগৃহীত সীপ গ্যাস নমুনা বিশ্লেষণ প্রতিবেদন 'ফেব্রুয়ারি-২০২০' গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- ঘ) লীড ইনভেন্টরি কমিটি প্রতিবেদন গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।
- ঙ) ডাটা ম্যানেজমেন্ট সিস্টেম উন্নয়নের লক্ষ্যে ডাটা ম্যানেজমেন্ট বিভাগে সংরক্ষিত এবং সাম্প্রতিক সময়ে আগত হার্ডকপি তথ্য/উপাত্তসমূহ যাচাই বাছাই পূর্বক যথাযথভাবে ডাটা শিট (এক্সেল শিট) এর মাধ্যমে নতুনভাবে প্রনয়ন করা হচ্ছে এবং হার্ডকপিসমূহ ধূলা-বালি, পোকামাকড় থেকে রক্ষার জন্য পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ চলমান আছে।
- চ) ডাটা ম্যানেজমেন্ট বিভাগের টেপ সেকশনে সংরক্ষিত টেপ সমূহ পর্যায়ক্রমে এবং নিয়মিতভাবে টেপ ক্লিনিং মেশিন দ্বারা পরিস্কার করা হয়, যা একটি চলমান প্রক্রিয়া।

২। কার্টোগ্রাফিক ও রিপ্ৰোডাকশন :

- ক) অত্র উপ-বিভাগে সংরক্ষিত কার্টোগ্রাফিক ডাটা সমূহ (হার্ডকপি) ম্যাপ কেবিনেটে পুনঃবিন্যাস করে যথাযথ স্থানে সংরক্ষণ করা হচ্ছে এবং একই সাথে পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ চলমান আছে।
- খ) ডাটা ম্যানেজমেন্ট বিভাগের Plotter দ্বারা কার্টোগ্রাফী এবং রিপ্ৰোডাকশন উপ-বিভাগের আংশিক বা সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত টপো ম্যাপ সমূহ প্রিন্ট করে পুনরায় সংরক্ষণের কাজ শুরু করা হয়েছে, যা একটি চলমান প্রক্রিয়া।

৩। ডিজিটাল ডাটা সিস্টেম উপ-বিভাগ :

- ক) ডিজিটাল ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমে ব্যবহৃত সকল কম্পিউটার, স্টোরেজ ডিভাইসসহ অন্যান্য আনুসঙ্গিক ডিভাইস নিয়মিত পর্যবেক্ষণের মাধ্যমে সচল রাখা হচ্ছে।
